দৈনিক ইনকিলাব

তারিখ 22 OCT 1991 পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

০৬

১

# শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে কঠোরতম ব্যবস্থা নেয়া হবে—প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে প্রয়োজনে কঠোরতম ব্যবস্থা গ্রহণ করা হবে। খবর বাসস ও ইউএনবি'র।

গতকাল (সোমবার) সকালে বাংলাদেশ প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীরা ক্যাম্পাসের পরিস্থিতি অবহিত করার জন্য প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাত করেন। প্রধানমন্ত্রী তাদের উদ্দেশ্যে বক্তৃতাকালে একথা বলেন।

প্রধানমন্ত্রী প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শান্তিপূর্ণ ও শিক্ষার পরিবেশ বজায় রাখার উপর গুরুত্বারোপ করেন। শিক্ষাঙ্গনে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার স্বার্থে সম্ভব সবকিছু করা হবে বলে তিনি উল্লেখ করেন।

বেগম জিয়া বলেন, আমাদের সন্তানদের জন্য সুন্দর ভবিষ্যত নির্মাণের ব্যাপারে আমরা ওয়াদাবদ্ধ। ক্যাম্পাসে সন্ত্রাস বন্ধের লক্ষ্যে তিনি আবার শিক্ষক ও রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে বসবেন বলে উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বাংলাদেশ প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয়ে গত শনিবার সংঘটিত ঘটনা তদন্তে একটি বিচার বিভাগীয় কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন।

প্রধানমন্ত্রী গত শনিবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাসী কাজের সাথে জড়িত দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার নির্দেশ দেন। তিনি বলেন, যারা ক্যাম্পাসে শান্তি ও আইন-শৃংখলা রক্ষা করতে ব্যর্থ হয়েছে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেয়া হবে।

প্রধানমন্ত্রী শিক্ষাঙ্গনে সন্ত্রাস প্রসঙ্গে হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, আমাদের সহনশীলতাকে দুর্বলতা মনে করা ঠিক হবে না।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শিক্ষাঙ্গনে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার ব্যাপারে শিক্ষক ও অভিভাবকদের সহযোগিতা কামনা করেন।

এর আগে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এম, শাহজাহান, ডঃ জসিমুজ্জামান, ডঃ ইকবাল মাহমুদ ও প্রফেসর নূরুদ্দীন আহমেদ প্রধানমন্ত্রীকে ঘটনা অবহিত করেন।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধিবৃন্দ বলেন, সময় ক্ষেপণ না করে সরকারকে অবিলম্বে দুস্কৃতকারী ও সন্ত্রাসকারীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিতে হবে। তারা বলেন, এ ব্যাপারে আর আলাপ আলোচনা করার কোন প্রয়োজন আছে বলে মনে হয় না।

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকারও এ অনুষ্ঠানে বক্তৃতা দেন। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব সৈয়দ হাসান আহমেদ এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।